বিসিকের চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

১৪ সেপ্টেম্বর ২০২৩

সূচিপত্র

বিষয়		পৃষ্ঠা
বাস্তবায়নাধীন ১০টি প্রকল্প		১-১১
১.	বিসিক শিল্পপার্ক, সিরাজগঞ্জ (৩য় সংশোধিত)	১-২
২.	বিসিক শিল্প পার্ক, টাঙ্গাইল (২য় সংশোধিত)	৩
৩.	বিসিক প্লাস্টিক শিল্পনগরী, মুন্সিগঞ্জ (২য় সংশোধিত)	৪
৪.	Poverty Reduction through Inclusive& Sustainable Markets (PRISM)	৫
৫.	বিসিক মুদ্রণ শিল্পনগরী, **মুন্সিগঞ্জ** (১ম সংশোধিত)	৬
৬.	বিসিক শিল্পনগরী, রাউজান, চট্টগ্রাম (১ম সংশোধিত)	৭
৭.	বরিশাল বিসিক শিল্পনগরীর অনুন্নত এলাকা উন্নয়ন এবং উন্নত এলাকার অবকাঠামো মেরামত ও পুনঃনির্মাণ প্রকল্প (১ম সংশোধিত)	৮
৮.	বিসিক কেমিক্যাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, মুন্সিগঞ্জ (২য় সংশোধিত)	৯
৯.	বিসিকের ৮টি শিল্পনগরী মেরামত ও পুনঃনির্মাণ (২য় সংশোধিত)	১০
১০.	বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাঁও	১১

০১. প্রকল্পের নাম: বিসিক শিল্পপার্ক, সিরাজগঞ্জ (৩য় সংশোধিত)

প্রকল্পের সার্বিক তথ্য	▪ প্রতিশ্রুতি প্রদানের তারিখ: ০৯-০৪-২০১১ ▪ প্রকল্পের বাস্তবায়নকাল: জুলাই ২০১০-জুন ২০২৩ (জুন ২০২৪ মেয়াদ বৃদ্ধির কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে)। ▪ প্রকল্প এলাকা : সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ▪ জমির পরিমাণ: ৪০০.০০ একর ▪ প্রকল্প ব্যয় : ৭১৯২১.৪৫ লক্ষ টাকা ▪ শুরু থেকে মোট ব্যয়: ৫২২৭৯.৫৯ লক্ষ টাকা ▪ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির হার : ৭২.৬৯ % ▪ ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতির হার : ৮৪ %
প্রকল্পের গত (২০২২-২০২৩) অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ আরএডিপি বরাদ্দ : ১৮৬০৮.০০ লক্ষ টাকা ▪ উপযোজনের পর আরএডিপি বরাদ্দ : ৮২৩০.০০ লক্ষ টাকা ▪ অবমুক্ত অর্থঃ ৭৫০০.০০ লক্ষ টাকা ▪ মোট ব্যয় : ২৯৩৪.৭০ লক্ষ টাকা ▪ অবমুক্তকৃত অর্থের আলোকে আর্থিক অগ্রগতি হার: ৩৯.১৩ % ▪ বরাদ্দের আলোকে অগ্রগতি হার: ৩৫.৬৬ % ▪ ২০২২-২০২৩ অর্থবছরের আর্থিক ব্যয় সংক্রান্ত: ▪ প্রকল্পের ড্রেন ও লেক নির্মাণ কাজের ঠিকাদারের চুক্তি বাতিল ও পুনঃদরপত্র আহবান এবং নির্মাণ সামগ্রীর অত্যধিক মূল্যবৃদ্ধির কারণে প্রকল্পের পূর্তকাজসমূহের ঠিকাদারগণের কাজের গতি মন্থর হওয়ায় লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি। এ কারণে ২০২২-২৩ অর্থবছরে আর্থিক ব্যয়ের পরিমাণ অপেক্ষাকৃত কম।
প্রকল্পের চলতি (২০২৩-২০২৪) অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ এডিপি বরাদ্দ : ২৬০০.০০ লক্ষ টাকা ▪ অবমুক্ত অর্থঃ ০.০০ লক্ষ টাকা ▪ মোট ব্যয় : ০.০০ লক্ষ টাকা ▪ অগ্রগতি হার: ০% ▪ প্রকল্পের অনুমোদিত মেয়াদ সমাপ্ত হওয়ায় অর্থ ছাড় করা সম্ভব হয়নি।
অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ)	▪ প্রকল্পের ১৭টি পূর্ত কাজের মধ্যে ভূমি উন্নয়ন, সয়েল টেস্ট ও ডাইক বাঁধ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ▪ প্রকল্পের বাউন্ডারি ওয়াল ও অন্যান্য ৮৬% সম্পন্ন হয়েছে। ▪ লেক রিজার্ভার নির্মাণ কাজ ৫০% সম্পন্ন হয়েছে। ▪ অফিস ভবন নির্মাণ কাজ ৯৮% সম্পন্ন হয়েছে। ▪ ডাম্পিং ইয়ার্ড নির্মাণ কাজ ৯৫% সম্পন্ন হয়েছে। ডাম্পিং ইয়ার্ডের ড্রাই স্টেশনের কাজ শেষ হয়েছে। ▪ পাম্প ড্রাইভার কোয়ার্টার (পাম্প হাউজসহ) নির্মাণ কাজ ৭০% সম্পন্ন হয়েছে। পাম্প ড্রাইভার কোয়ার্টারের ইটের গাঁথুনির কাজ চলমান রয়েছে। ▪ ড্রেন নির্মাণ কাজ ৩৩% সম্পন্ন হয়েছে। পুনঃদরপত্র আহবান শেষে মূল্যায়নের কাজ চলমান রয়েছে। ▪ পানি সরবরাহ লাইন স্থাপন কাজ ৯৬% সম্পন্ন হয়েছে। ▪ গভীর নলকূপ নির্মাণ কাজ ৭০% সম্পন্ন হয়েছে। ▪ রাস্তা নির্মাণ কাজ ৪০% সম্পন্ন হয়েছে। ▪ মেইন গেইট নির্মাণ কাজ ৪০% সম্পন্ন হয়েছে। সুপার-স্ট্রাকচারের কাজ চলমান রয়েছে।

প্রকল্পের সর্বশেষ অবস্থা	▪ গ্যাস লাইন স্থাপনের জন্য ডিপিপির সংস্থান অনুযায়ী ৭৫,৮৩,০৫,০০০.০০ (পঁচাত্তর কোটি তিরাশি লক্ষ পাঁচ হাজার) টাকা পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী বরাবর ডিপোজিট করা হয়েছে। ▪ বিদ্যুৎ লাইন স্থাপন কাজের জন্য ডিপিপির সংস্থান থেকে ৫০,০০,০০,০০০.০০ (পঞ্চাশ কোটি) নেসকো বরাবর ডিপোজিট করা হয়েছে। ▪ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর (জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত) মেয়াদ বৃদ্ধির প্রস্তাব আইএমইডি কর্তৃক সুপারিশপ্রাপ্ত হয়ে পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে। ১২-০৯-২০২৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর (জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত) মেয়াদ বৃদ্ধির প্রস্তাব সুপারিশ করা হয়েছে। ▪ প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেলে আন্তঃঅঙ্গ সমন্বয়ের প্রস্তাব অনুমোদন সাপেক্ষে লেক/রিজার্ভার নির্মাণ কাজের পুনঃদরপত্র আহবান করা হবে। ▪ শিল্প মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রকল্পের ড্রেন ও লেক নির্মাণ কাজের ঠিকাদারের চুক্তি বাতিল করা হয়েছে। ড্রেন নির্মাণ কাজের পুনঃদরপত্র আহবান করে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। শীঘ্রই NoA জারি করা হবে।
পরবর্তী চ্যালেঞ্জ	▪ অসমাপ্ত পূর্তকাজ যেমন ড্রেন, রাস্তা ও মেইন গেট নির্মাণ কাজ নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন করা এবং লেক রিজার্ভার কাজের দরপত্র পুনরায় আহবান করে কাজ সম্পন্ন করা। ▪ প্রকল্পের সুপারিশকৃত বর্ধিত মেয়াদের মধ্যে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা ▪ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতীত মেয়াদবৃদ্ধির প্রস্তাব একনেক সভায় সুপারিশ করা হয়েছে। শীঘ্রই জিও জারির ব্যবস্থা করা।
মন্তব্য	প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতীত মেয়াদবৃদ্ধির প্রস্তাব একনেক হতে অনুমোদনপূর্বক জিও জারির জন্য সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রয়েছে। মেয়াদবৃদ্ধির প্রস্তাব অনুমোদন সাপেক্ষে প্রকল্পের অসমাপ্ত পূর্তকাজ যেমন ড্রেন, রাস্তা ও মেইন গেট নির্মাণ ও অন্যান্য কাজ বর্ধিত মেয়াদের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে।

০২. প্রকল্পের নাম: বিসিক শিল্প পার্ক, টাঙ্গাইল (২য় সংশোধিত)

প্রকল্পের সার্বিক তথ্য	▪ প্রতিশ্রুতি প্রদানের তারিখ: ৩০-০৬-২০১২ ▪ প্রকল্পের বাস্তবায়নকাল: জুলাই ২০১৫-জুন ২০২৫ ▪ প্রকল্প এলাকা : মির্জাপুর, টাঙ্গাইল ▪ জমির পরিমাণ: ৪৯.৩৫ একর ▪ প্রকল্প ব্যয় : ৩৪৫৪৭.০০ লক্ষ টাকা ▪ শুরু থেকে মোট ব্যয়: ২৩৫৬৭.৪৬ লক্ষ টাকা ▪ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির হার : ৬৮.২২% ▪ ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতির হার : ৬৮.৭৪%	
প্রকল্পের গত (২০২২-২০২৩) অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ আরএডিপি বরাদ্দ : ২৪.০০ লক্ষ টাকা ▪ অবমুক্ত অর্থ : ০.০০ লক্ষ টাকা ▪ মোট ব্যয় : ০.০০ লক্ষ টাকা ▪ আর্থিক অগ্রগতি: ০%	**মন্তব্য:** জুন ২০২১ হতে জুন ২০২৩ পর্যন্ত প্রকল্পটির মেয়াদ না থাকায় কোনো অগ্রগতি অর্জিত হয়নি। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধিসহ ২য় সংশোধিত ডিপিপি প্রস্তাব মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১৯-০৬-২০২৩ তারিখে অনুমোদিত হয়।
প্রকল্পের চলতি (২০২৩-২০২৪) অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ এডিপি বরাদ্দ : ১০০০.০০ লক্ষ টাকা ▪ অবমুক্ত অর্থ : ০.০০ লক্ষ টাকা ▪ মোট ব্যয় : ০.০০ লক্ষ টাকা ▪ আর্থিক অগ্রগতি: ০% ▪ বিসিক শিল্প পার্ক, টাঙ্গাইল (২য় সংশোধিত) প্রকল্পের ১ম কিস্তির অর্থছাড় প্রস্তাব শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	
অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ)	▪ প্রকল্পের ১ম সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী মাটি ভরাট কাজ সম্পন্ন হয়েছে। ▪ প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত জায়গায় বিদ্যমান গাছপালা নিলামের মাধ্যমে বিক্রি করা হয়েছে। বিক্রয়কৃত অর্থ চালানের মাধ্যমে বিসিক তহবিলে জমা দেয়া হয়েছে। ▪ প্রকল্পের জমিতে অবস্থিত ঘরবাড়ি ও অন্যান্য স্থাপনাসমূহ ০৭-০৯-২০২২ তারিখ অপসারণ করা হয়। প্রকল্পের সকল পূর্ত কাজের টেন্ডার আহবানের জন্য কমিটি গঠন করা হয়েছে। প্রাক্কলন প্রস্তুত পূর্বক কমিটি কর্তৃক শীঘ্রই টেন্ডার আহবান করা হবে।	
প্রকল্পের সর্বশেষ অবস্থা	▪ প্রকল্পের মেয়াদ জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধিসহ ২য় সংশোধিত ডিপিপি প্রস্তাব মাননীয় মন্ত্রী মহোদয়ের কর্তৃক ১৯-০৬-২০২৩ তারিখে অনুমোদিত হয়েছে। ▪ ভূমি উন্নয়ন কাজের টেন্ডার আহবানের বিজ্ঞাপন ২৯-০৮-২০২৩ তারিখ প্রকাশিত হয়েছে। ▪ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।	
পরবর্তী চ্যালেঞ্জ	▪ অবশিষ্ট কার্যক্রম যেমন ভূমি উন্নয়ন (অতিরিক্ত), প্রশাসনিক ভবন, সীমানা প্রাচীর, ড্রেন, রাস্তা ও অন্যান্য কাজ যথাযথ মান বজায় রেখে জুন ২০২৫ এর মধ্যে বাস্তবায়ন করা।	
মন্তব্য	প্রকল্পের অবশিষ্ট কার্যক্রম যেমন ভূমি উন্নয়ন (অতিরিক্ত), প্রশাসনিক ভবন, সীমানা প্রাচীর, ড্রেন, রাস্তা ও অন্যান্য কাজ যথাযথ মান বজায় রেখে সম্পাদনের মাধ্যমে প্রকল্পটি জুন ২০২৫ এর মধ্যে বাস্তবায়ন করার সর্বাত্বক প্রচেষ্টা চলছে।	

৩. প্রকল্পের নাম: বিসিক প্লাস্টিক শিল্পনগরী, মুন্সিগঞ্জ (২য় সংশোধিত)

প্রকল্পের সার্বিক তথ্য	▪ প্রকল্পের বাস্তবায়নকাল: জুলাই ২০১৫-ডিসেম্বর ২০২২ (প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বৃদ্ধিসহ ডিপিপি সংশোধন প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে) ▪ প্রকল্প এলাকা : সিরাজদিখান, মুন্সিগঞ্জ ▪ জমির পরিমাণ: ৫০.০০ একর ▪ প্রকল্প ব্যয় : ৪২৮০০.০০ লক্ষ টাকা ▪ শুরু থেকে মোট ব্যয়: ২১৯৩২.৬০ লক্ষ টাকা ▪ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির হার : ৫১.২৪ % ▪ ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতির হার : প্রকল্পের ভূমি অধিগ্রহণ কার্যক্রম সমাপ্ত না হওয়ায় অনান্য পূর্ত কাজ শুরু করা সম্ভব হয়নি এবং ভৌত অগ্রগতি নেই।
প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা	▪ পুরাতন ঢাকায় অপরিকল্পিতভাবে গড়ে উঠা প্লাস্টিক শিল্প কারখানা সমূহ একটি সুবিধাজনক পরিবেশ বান্ধব স্থানে স্থানান্তরকরণ। ▪ গুণগত মানসম্পন্ন প্লাস্টিক সামগ্রী উৎপাদনে সহায়তা প্রদান। ▪ কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন, অর্থনৈতিক উন্নতি দ্রুতগতি করা। ▪ লক্ষ্যমাত্রাঃ ৫২ একর জমি অধিগ্রহণ ও উন্নয়নের মাধ্যমে ৩৭৭ টি শিল্প প্লট তৈরি করে কমবেশি ২৫০ টি এসএমই শিল্প ইউনিট স্থাপন।
প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ এডিপি বরাদ্দ : ২৫০০.০০ লক্ষ (রাজস্ব-৭০ লক্ষ ও মূলধন-২৪৩০ লক্ষ) টাকা।
প্রকল্পের সর্বশেষ অবস্থা	▪ ০৯-১১-২০২২ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভার সিদ্ধান্ত অনুযায়ী ০৯-০১-২০২৩ তারিখ প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বৃদ্ধিসহ ডিপিপি সংশোধন প্রস্তাব শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং শিল্প মন্ত্রণালয় হতে ২৪-০১-২০২৩ তারিখ ভূমির প্রাপ্যতা সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ অন্যান্য নির্দেশনাসমেত আরডিপিপি বিসিকে প্রেরণ করা হয়েছে। শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয় জেলা প্রশাসন মুন্সিগঞ্জের সাথে ভূমির প্রাপ্যতা সংক্রান্ত প্রত্যয়নপত্র প্রাপ্তির বিষয়ে টেলিফোনিক যোগাযোগ করেন। জেলা প্রশাসন, মুন্সিগঞ্জ হতে ভূমির প্রাপ্যতা সংক্রান্ত প্রত্যয়নপত্র এখনো পাওয়া যায় নি। গত ২১-০৫-২০২৩ তারিখে মোট ৫১১.৭০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০১৫ হতে ডিসেম্বর ২০২৫ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটির ৩য় সংশোধন প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। ▪ 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ , অনুমোদন ও সংশোধন নির্দেশিকা' জুন ২০২২ অনুচ্ছেদ ৪.২.৪ অনুসরণে প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ ৩ মাস পূর্বে প্রকল্প সংশোধনের প্রস্তাব প্রেরণ করা হয়নি বিধায় বিসিক প্লাস্টিক শিল্প নগরী ৩য় সংশোধন প্রস্তাব পরিকল্পনা কমিশন হতে প্রক্রিয়াকরণ সম্ভব নয় মর্মে গত ৩০-০৫-২০২৩ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক জানানো হয়। প্রকল্প সংশোধনে বিলম্বের কারণসহ প্রকল্পটির অনুমোদন প্রস্তাব পুনর্বিবেচনার জন্য ২১-০৬-২০২৩ তারিখ শিল্প মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। নবনিযুক্ত জেলা প্রশাসন মুন্সিগঞ্জের সাথে প্রকল্প পরিচালক নিয়মিত যোগাযোগ অব্যাহত রেখেছেন।
পরবর্তী চ্যালেঞ্জ	▪ মুন্সিগঞ্জ জেলা প্রশাসন হতে পরিবর্তিত স্থানে জমি অধিগ্রহণের জন্য অনাপত্তিপত্র সংগ্রহ করা। ▪ প্রকল্পের মেয়াদ ও ব্যয়বৃদ্ধিসহ সংশোধন প্রস্তাব স্বল্পতম সময়ে অনুমোদনের ব্যবস্থা করতে হবে।
মন্তব্য	মুন্সিগঞ্জ জেলা প্রশাসন হতে পরিবর্তিত স্থানে জমি অধিগ্রহণের জন্য অনাপত্তিপত্র সংগ্রহ করা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয়বৃদ্ধিসহ সংশোধন প্রস্তাব স্বল্পতম সময়ে অনুমোদনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে প্রকল্প পরিচালক যোগাযোগ অব্যাহত রেখেছেন।

৪. প্রকল্পের নাম: Poverty Reduction through Inclusive& Sustainable Markets (PRISM)

প্রকল্পের সার্বিক তথ্য	▪ প্রকল্পের বাস্তবায়নকাল: জানুয়ারি ২০১৫-ডিসেম্বর ২০২৪ ▪ প্রকল্প ব্যয় : ৩২৪৯০.০০ লক্ষ টাকা (জিওবি ২৪৯০.০০ + প্রকল্প সাহায্য ৩০০০০.০০) ▪ শুরু থেকে মোট ব্যয়: ২৪০০২.৮৬ লক্ষ টাকা ▪ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির হার : ৭৪% ▪ ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতির হার : ৭৫%
প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ এডিপি বরাদ্দ : ১.০০ লক্ষ টাকা ▪ প্রকল্পটি সমাপ্তির কার্যক্রম চলমান থাকায় অর্থছাড় করা হয়নি।
প্রকল্পের সর্বশেষ অবস্থা	▪ প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভায় প্রকল্পটি সমাপ্তির সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয় কর্তৃক ০২ আগস্ট ২০২২ তারিখ অনুষ্ঠিত পিএসসি সভায় প্রকল্প সম্পর্কে একটি কম্প্রিহেন্সিভ প্রতিবেদন ২০ কার্যদিবসের মধ্যে দাখিলের জন্য একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। শিল্প মন্ত্রণালয় কর্তৃক কমিটি গঠনের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

৫. প্রকল্পের নাম: বিসিক মুদ্রণ শিল্পনগরী (১ম সংশোধিত)

প্রকল্পের সার্বিক তথ্য	▪ প্রকল্পের বাস্তবায়নকাল: জানুয়ারি ২০১৬-ডিসেম্বর ২০২৪ ▪ প্রকল্প এলাকা : সিরাজদিখান, মুন্সিগঞ্জ ▪ জমির পরিমাণ: ১০০.০০ একর ▪ প্রকল্প ব্যয় : ২৬৪৫৫.০০ লক্ষ টাকা ▪ শুরু থেকে মোট ব্যয়: ৯২২৩.৫৮ লক্ষ টাকা ▪ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির হার : ৩৪.৮৭ % ▪ ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতির হার : প্রকল্পের ভূমি অধিগ্রহণ কার্যক্রম সমাপ্ত না হওয়ায় ভৌত অগ্রগতি নেই।
প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা	▪ ঢাকা শহর ও অন্যান্য স্থানে অপরিকল্পিতভাবে গড়ে উঠা মুদ্রণ শিল্প কারখানাসমূহ একটি সুবিধাজনক পরিবেশ বান্ধব স্থানে স্থানান্তরসহ যাবতীয় সহযোগিতা প্রদান। ▪ বেসরকারি শিল্প উদ্যোক্তাদেরকে ২৯৯ টি (কম/বেশী) মুদ্রণ শিল্প স্থাপনে অবকাঠামোগত সুবিধা প্রদান। ▪ কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন, অর্থনৈতিক উন্নয়নকে গতিশীল করা, জিডিপিতে অবদান বৃদ্ধি করা। ▪ লক্ষ্যমাত্রা: বেসরকারি শিল্প উদ্যোক্তাদেরকে ২৯৯ টি (কম/বেশী) মুদ্রণ শিল্প স্থাপনে অবকাঠামোগত সুবিধা প্রদান।
প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ এডিপি বরাদ্দ : ৬২৫০.০০ লক্ষ (রাজস্ব-৫০ লক্ষ ও মূলধন-৬২০০ লক্ষ) টাকা। ▪ ২০২৩ -২৪ অর্থবছরের এডিপি বরাদ্দের বিভাজনসহ ১ম কিস্তির অর্থছাড়ের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ)	▪ ২৭-১০-২০২২ তারিখ শিল্প মন্ত্রণালয় হতে ভূমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। জেলা প্রশাসন, মুন্সিগঞ্জ বরাবর ৩০-১০-২০২২ তারিখ ভূমি অধিগ্রহণ প্রস্তাব প্রেরণ করা হয়। ভূমি অধিগ্রহণের জন্য ০১-০১-২০২৩ তারিখ জেলা ভূমি বরাদ্দ কমিটির (ডিএলএসি) সভায় প্রকল্পের জন্য মুন্সিগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার চিত্রকোট ইউনিয়নের খারসুর মৌজায় ১০০ একর জমির অধিগ্রহণ প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। জেলা প্রশাসন মুন্সিগঞ্জ কর্তৃক গত ০৮-০২-২০২৩ তারিখে ৪ ধারা নোটিশ জারী করা হয় এবং গত ১৫-০২-২০২৩ তারিখে যৌথ তদন্ত কাজ সম্পন্ন করা হয়েছে। ১০০ একর জমির মধ্যে কিছু কিছু জমির মালিক জমি অধিগ্রহণের বিষয়ে জেলা প্রশাসক মুন্সিগঞ্জ বরাবর লিখিত আপত্তি দাখিল করেছেন। গত ০৯ ও ১২ এপ্রিল আপত্তির উপর শুনানী হয়েছে। জেলা প্রশাসন মুন্সিগঞ্জ কর্তৃক ভূমি অধিগ্রহণের বিরুদ্ধে দাখিলকৃত জেলা কৃষি অফিস মুন্সিগঞ্জ বরাবর আপত্তির উপর পুনরায় মতামতের জন্য ০৭-০৬-২০২৩ তারিখে পত্র প্রেরণ করেছেন। পুনরায় কৃষি অফিসের মতামত নিয়ে জেলা প্রশাসন, ১৬-০৭-২০২৩ তারিখে প্রকল্পের ১০০ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাব চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন।
পরবর্তী চ্যালেঞ্জ	▪ প্রকল্পের ভূমি অধিগ্রহণের কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করা।
মন্তব্য	প্রকল্পের ভূমি অধিগ্রহণের কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য ভূমি মন্ত্রণালয়ে যোগাযোগ রাখা হচ্ছে। ভূমি অধিগ্রহণ সম্পন্ন হলে অন্যান্য কার্যক্রম গ্রহণ করা সম্ভব হবে।

৬. প্রকল্পের নাম: বিসিক শিল্পনগরী, রাউজান (১ম সংশোধিত)

প্রকল্পের সার্বিক তথ্য	▪ প্রকল্পের বাস্তবায়নকাল: জুলাই ২০১৬-জুন ২০২৩ (জুন ২০২৪ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগ হতে অনুমোদিত হয়েছে)। ▪ প্রকল্প এলাকা : রাউজান, চট্টগ্রাম ▪ জমির পরিমাণ: ৩৫.০০ একর (প্লট সংখ্যা: ১৮৪) ▪ প্রকল্প ব্যয় : ৯৩৬৬.০০ লক্ষ টাকা ▪ শুরু থেকে মোট ব্যয়: ৬৪২৫.২৮ লক্ষ টাকা ▪ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির হার : ৬৮.৬০ % ▪ ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতির হার : ৮০%
প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা	▪ অপরিকল্পিতভাবে গড়ে উঠা শিল্প কারখানাসমূহ একটি সকল অবকাঠামো সমৃদ্ধ সুবিধাজনক পরিবেশ বান্ধব স্থানে স্থাপন। ▪ ক্ষুদ্র ও মাঝারী শিল্প স্থাপনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচন, অর্থনৈতিক উন্নতি, জিডিপিতে অবদান বৃদ্ধি করা। ▪ ৩৫ একর ভূমি অধিগ্রহণের মাধ্যমে ১৮৪টি উন্নত শিল্প প্লট তৈরী করে বেসরকার শিল্পাদ্যোক্তাদেরকে অবকাঠামোগত সুবিদা প্রদান পূর্বক ১৪৮টি শিল্প কারখানা প্রতিষ্ঠা/স্থাপনের মাধ্যমে ৭৫০০ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি।
প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ এডিপি বরাদ্দ : ১৯৮৬.০০ লক্ষ (রাজস্ব-৫৪ লক্ষ ও মূলধন-১৯৩২ লক্ষ) টাকা।
অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ)	▪ প্রকল্পের অবশিষ্ট মাটি ভরাট ৯৬ %, ▪ বাউন্ডারি ওয়াল ৮৬%, ▪ অফিস ভবন-১০০%, ▪ রিটেইনিং ওয়াল-১০০% সম্পন্ন হয়েছে।
প্রকল্পের সর্বশেষ অবস্থা	▪ আরসিসি ড্রেন নির্মাণ কাজের লে-আউট গত ২৩-০২-২০২৩ তারিখে বুঝিয়ে দেয়া হয়েছে। বর্তমানে খালের উপর ব্রিজ নির্মাণের জন্য পাইলিং এর কাজ শেষ হয়েছে। ▪ ডাম্পিং ইয়ার্ড কাজের লে-আউট ১০-০৫-২০২৩ এবং পুকুর পাড়ের আরসিসি প্যালাসাইডিং ও মেইন গেইট নির্মাণ কাজের লে-আউট ১৫-০৫-২০২৩ তারিখে বুঝিয়ে দেয়া হয়েছে। ▪ প্রকল্পের আওতায় ১) রাস্তা নির্মাণ ২) পানি সরবরাহ লাইন ৩)আবাসিক ভবন ও অন্যান্য (পাম্প ড্রাইভার কোয়ার্টার) কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। শীঘ্রই লে আউট প্রদান করা হবে। ▪ ডিপ টিউবওয়েল স্থাপন কাজের যোগ্য দরদাতা না পাওয়ায় পুনরায় দরপত্র আহবান করতে হবে। ▪ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ১ বছর (জুন ২০২৪ পর্যন্ত) মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগ হতে অনুমোদিত হয়েছে। শিল্প মন্ত্রণালয় হতে গত ১০-০৯-২০২৩ তারিখে জিও জারি করা হয়েছে।
পরবর্তী চ্যালেঞ্জ	▪ যে সকল পূর্ত কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে সে সকল পূর্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে সম্পন্ন করা। ▪ ডিপ টিউবওয়েল স্থাপনের পুনঃ দরপত্র আহবান প্রক্রিয়া সম্পন্ন করা। বর্ষা মৌসুমে প্রতিকূল আবহাওয়ায় মাটি ভরাটের কাজে ব্যাঘাত ঘটায় কাজটি শতভাগ সম্পাদিত হয়নি। মাটি সেটেলমেন্ট না হওয়ায় প্রকল্পের অবশিষ্ট পূর্তকাজসমূহের কার্যাদেশ প্রদানের পরও কাজ শুরু করতে বিলম্ব হচ্ছে। ▪ সীমানা প্রাচীর (বাউন্ডারি ওয়াল) নির্মাণ কাজের ৫০-৬০ মিটার দৈর্ঘ্যের জায়গা প্রায় ৯-১১ মিটার গভীর। বর্তমানে জায়গাটিতে মাটি ভরাট কাজ সম্পন্ন হয়েছে। মাটি সেটেলমেন্ট হওয়ার পর বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।
মন্তব্য	প্রকল্পের চলমান ও অসমাপ্ত পূর্ত কাজসমূহ আরসিসি ড্রেন ও রাস্তা নির্মাণ কাজ সময়ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী সঠিকভাবে বাস্তবায়ন করা হলে প্রকল্পটি নির্ধারিত মেয়াদ অর্থাৎ জুন ২০২৪ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে।

৭. প্রকল্পের নাম: বরিশাল বিসিক শিল্প নগরীর অনুন্নত এলাকা উন্নয়ন এবং উন্নত এলাকার অবকাঠামো মেরামত ও পুনঃনির্মাণ প্রকল্প (১ম সংশোধিত)

প্রকল্পের সার্বিক তথ্য	▪ প্রকল্পের বাস্তবায়নকাল: জানুয়ারি ২০১৭-জুন ২০২৪ ▪ প্রকল্প এলাকা : বরিশাল ▪ জমির পরিমাণ: ১৩০.৬১ একর ▪ প্রকল্প ব্যয় : ৭১৫৪.০০ লক্ষ টাকা ▪ শুরু থেকে মোট ব্যয়: ৩৯৬৯.৫৯ লক্ষ টাকা ▪ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির হার : ৫৫.৪৯ % ▪ ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতির হার : ৬০%
প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা	▪ বিদ্যমান বরিশাল শিল্প নগরীর ৩৭.৫৯ একর অনুন্নত জমি উন্নত করে বেসরকারি খাতে ১০০ টি এস এম ই শিল্প ইউনিট স্থাপন। ▪ বিদ্যমান বিসিক শিল্প নগরী বরিশালের উন্নত এলাকার অবকাঠামো মেরামত ও পুনঃনির্মাণ। ▪ ক্ষুদ্র ও মাঝারী শিল্প স্থাপনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচন, অর্থনৈতিক উন্নতি, জিডিপিতে অবদান বৃদ্ধি করা। ▪ লক্ষ্যমাত্রাঃ বেসরকারী শিল্পোদ্যোদারকে উন্নত প্লট প্রাদানের লক্ষ্যে ৩৭.৫৯ একর ভূমি উন্নয়নের মাধ্যমে ১১০টি উন্নত শিল্প প্লট তৈরির নিমিত্তে রাস্তা, ড্রেন, কালভার্ট, বিদ্যুৎ, পানি সরবারাহ লাইন নির্মাণ ও পুনঃনির্মাণ করে অবকাঠামোগত সুবিধা প্রদান পূর্বক ১০০টি শিল্প কারখানা প্রতিষ্ঠা/স্থাপন।
প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ এডিপি বরাদ্দ : ২৫৭৫.০০ লক্ষ (রাজস্ব-৩৫ লক্ষ ও মূলধন-২৫৪০ লক্ষ) টাকা। ▪ প্রকল্পের আন্তঃঅঙ্গ সমন্বয় প্রস্তাব অনুমোদনপূর্বক ১ম ও ২য় কিস্তির অর্থছাড়ের প্রস্তাব প্রেরণ করা হবে।
অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ)	▪ বাউন্ডারি ওয়াল ৮৫%, ▪ অফিস ভবন-৬৫% ▪ ড্রেইন-কালভার্ট নির্মাণ-৪৫% ▪ রাস্তা নির্মাণ- ৬০% ▪ বিদ্যুৎ লাইন স্থাপন- ৫০%
প্রকল্পের সর্বশেষ অবস্থা	▪ প্রকল্পের আন্তঃঅঙ্গ সমন্বয় প্রস্তাব ০৭-০৮-২০২৩ তারিখ অনুষ্ঠিত ডিপিইসি সভায় সুপারিশপ্রাপ্ত হয়েছে। ▪ ডিপিইসি সভার কার্যবিবরণীর নির্দেশনা মোতাবেক প্রকল্পের আন্তঃঅঙ্গ সমন্বয়ের পর সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
পরবর্তী চ্যালেঞ্জ	▪ অসমাপ্ত পূর্ত কাজ যথা প্রশাসনিক ভবন, ড্রেন ও কালভার্ট, রাস্তা, পানি সরবরাহ লাইন ও সীমানা প্রাচীর নির্মাণ কাজ গুণগত মান বজায় রেখে নির্ধারিত মেয়াদের মধ্যে সমাপ্ত করা।
মন্তব্য	প্রকল্পের অসমাপ্ত পূর্ত কাজসমূহ যথা প্রশাসনিক ভবন, ড্রেন ও কালভার্ট, রাস্তা, পানি সরবরাহ লাইন ও সীমানা প্রাচীর নির্মাণ কাজ গুণগত মান বজায় রেখে নির্ধারিত মেয়াদের মধ্যে সমাপ্ত করার মাধ্যমে প্রকল্পটি জুন ২০২৪ এর মধ্যে বাস্তবায়ন সম্ভব হবে।

৮. প্রকল্পের নাম: বিসিক কেমিক্যাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, মুন্সিগঞ্জ (২য় সংশোধিত)

প্রকল্পের সার্বিক তথ্য	▪ প্রকল্পের ২য় সংশোধিত বাস্তবায়নকাল: জুলাই ২০১৮ - জুন ২০২৪ ▪ প্রকল্প এলাকা : সিরাজদিখান, মুন্সিগঞ্জ ▪ জমির পরিমাণ: ৩০৮.৩৩ একর ▪ ২য় সংশোধিত প্রাক্কলিত ব্যয়: ১৪৫৪৮০.০০ লক্ষ টাকা। ▪ শুরু থেকে মোট ব্যয়: ৭৮১৫৯.১৮ লক্ষ টাকা ▪ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির হার : ৫৩.৭৩ % ▪ ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতির হার : ৫৬%
প্রকল্পের গত (২০২২-২০২৩) অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ আরএডিপি বরাদ্দ : ২০১৪৫.০০ লক্ষ টাকা ▪ অবমুক্ত অর্থ : ১২৮৪২.৪৩ লক্ষ টাকা ▪ মোট ব্যয় : ১২৬৭৭.৬৬ লক্ষ টাকা ▪ অবমুক্তকৃত অর্থের আলোকে আর্থিক অগ্রগতি: ৯৮.৭২ % ▪ বরাদ্দকৃত অর্থের আলোকে আর্থিক অগ্রগতি: ৬২.৯৩ %
প্রকল্পের চলতি (২০২৩-২০২৪) অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ এডিপি বরাদ্দ : ১০৬৬৮.০০ লক্ষ টাকা ▪ অবমুক্ত অর্থ : ০.০০ লক্ষ টাকা ▪ মোট ব্যয় : ০.০০ লক্ষ টাকা ▪ আর্থিক অগ্রগতি: ০.০০ % ▪ প্রকল্পের ১ম কিস্তির অর্থছাড় প্রস্তাব শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ)	▪ প্রকল্পের ৩০৮.৩৩ একর জমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। ▪ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ কর্তৃক ডিপিএম পদ্ধতিতে প্রকল্পের ভূমি উন্নয়ন কাজ ৭১.৬% এবং বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ ১১.৮৭% সম্পন্ন হয়েছে।
প্রকল্পের সর্বশেষ অবস্থা	▪ প্রকল্পের ভূমি উন্নয়ন (অতিরিক্ত) কাজের টেন্ডার মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ০৯-০৮-২০২৩ তারিখে ইজিপির মাধ্যমে সিসিজিপিতে প্রেরণ করা হয়েছে। শিল্প মন্ত্রণালয় হতে DPM পদ্ধতিতে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ কর্তৃক সম্পাদিত সীমানা প্রাচীর নির্মাণ কাজটি বাতিল এবং সীমানা প্রাচীর নির্মাণ(অতিরিক্ত) কাজটি ডিপিএম পদ্ধতির পরিবর্তে ওটিএম পদ্ধতিতে সম্পাদনের নির্দেশনা প্রদান করা হয়। ▪ প্রকল্পের ভূমি উন্নয়ন কাজের ভরাটকৃত মাটির বিপরীতে বকেয়া বিল পরিশোধ ও ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লি: থেকে সাইট বুঝে নেয়ার লক্ষ্যে যৌথ সার্ভের মাধ্যমে ইতোপূর্বে ভরাটকৃত সম্পূর্ন মাটি পরিমাপ করার জন্য চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ১৩-০৮-২০২৩ এ একটি যৌথ সার্ভে কমিটি গঠন করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লি: সীমানা প্রাচীর নির্মাণ কাজ ও সীমানা প্রাচীর নির্মাণের অতিরিক্ত কাজ উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদনের অনুরোধ করেন। সে অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।
পরবর্তী চ্যালেঞ্জ	▪ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ২০২৩ অনুযায়ী ভূমি উন্নয়ন (অতিরিক্ত), অনাবাসিক ভবন, ডাম্পিং ইয়ার্ড, রাস্তা, ড্রেন ও অন্যান্য পূর্তকাজ এর টেন্ডার কার্যক্রম সম্পন্নপূর্বক নির্মাণ কাজ সম্পাদন করা। ▪ সীমানা প্রাচীর নির্মাণ কাজটি ডিপিএম পদ্ধতির পরিবর্তে ওটিএম পদ্ধতিতে সম্পাদনের জন্য দ্রুততম সময়ে প্রাক্কলন ও টেন্ডার কার্যক্রম সম্পাদনপূর্বক কাজটি সম্পন্ন করা।
মন্তব্য	সীমানা প্রাচীর নির্মাণ কাজটির প্রাক্কলন সম্পন্নপূর্বক দ্রুত টেন্ডার আহ্বান করতে হবে। ভূমি উন্নয়ন কাজের টেন্ডার কার্যক্রম সম্পন্নপূর্বক কাজটি সম্পাদনের মাধ্যমে অন্যান্য পূর্তকাজ দ্রুত সম্পন্ন করতে হবে। প্রকল্পের বার্ষিক কর্ম পরিকল্পনা ২০২৩ অনুযায়ী অবশিষ্ট কাজসমূহ সম্পন্ন করা হলে প্রকল্পটি নির্ধারিত মেয়াদে বাস্তবায়ন করা সম্ভব হবে।

৯. প্রকল্পের নাম: বিসিকের ৮টি শিল্প নগরী মেরামত ও পুনঃনির্মাণ (২য় সংশোধিত)

প্রকল্পের সার্বিক তথ্য	▪ প্রকল্পের বাস্তবায়নকাল: জানুয়ারি ২০২০- জুন ২০২৪ ▪ প্রকল্প এলাকা : ময়মনসিংহ, জামালপুর, নরসিংদী, কুমিল্লা, কক্সবাজার, সিলেট (খাদিমনগর), বগুড়া ও সাতক্ষীরা ▪ ২য় সংশোধিত প্রকল্প ব্যয় : ৮১৪২.০০ লক্ষ টাকা ▪ শুরু থেকে মোট ব্যয়: ৩৮৯০.৬২ লক্ষ টাকা ▪ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির হার : ৪৭.৭৮% ▪ ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতির হার : ৪৮%
প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা	▪ বিদ্যমান পুরাতন ৮ টি শিল্পনগরীর বর্তমান অবকাঠামো যথা: পাম্প ড্রাইভার কোয়ার্টার ও সীমানা প্রাচীর মেরামত; শিল্পনগরীর রাস্তা, ড্রেন, গেইট ও অফিস ভবন পুননির্মাণ; ▪ শিল্পনগরীতে স্থাপিত শিল্প কারখানার উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ। ▪ ময়মনসিংহ, জামালপুর, নরসিংদি, কুমিল্লা, কক্সবাজার, সিলেট (খাদিমনগর), বগুড়া, ও সাতক্ষীরা শিল্পনগরীসমূহ রাস্তা নির্মান ৫৭০৯৩.৫৩ ব.মি., ড্রেন নির্মাণ ২৩২৯০.০০ মিটার, সীমানা প্রাচীর মেরামত ১৭৬৯.০৭ মিটার, পাম্প ড্রাইভার কোয়ার্টার মেরামত ২৮৯.৪৯ ব.মি.। এছাড়া কক্সবাজার, বগুড়া, কুমিল্লা ও সিলেট শিল্পনগরীর অফিস ভবন পুননির্মাণ ৭২০২.৬৯ ব.মি., সাতক্ষীরা জেলা কার্যালয় ভবন পুননির্মাণ ৫৮২.০০ ব.মি., সিলেটে ১ টি রেস্ট হাউজ পুননির্মাণ এবং শিল্পনগরীর ৭টি গেইট পুননির্মান।
প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ এডিপি বরাদ্দ : এডিপি বরাদ্দ ৪২০.০০ লক্ষ (রাজস্ব-১০০ লক্ষ ও মূলধন-৩২০ লক্ষ) টাকা। ▪ প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম কিস্তির অর্থছাড় প্রস্তাব শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ)	▪ প্রকল্পের আওতায় ড্রেন ও রাস্তা নির্মাণ কাজ চলমান রয়েছে। সার্বিকভাবে প্রকল্পের আওতায় ড্রেন ও কালভার্ট এবং রাস্তা নির্মাণ কাজ যথাক্রমে ১০০% এবং ৯২% সম্পন্ন হয়েছে।
প্রকল্পের সর্বশেষ অবস্থা	▪ প্রকল্পের আওতায় ড্রেন নির্মাণ কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। প্রকল্পের রাস্তা নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে। ▪ ময়মনসিংহ ,জামালপুর, নরসিংদী এর অফিস ভবন ও অনান্য স্থাপনার নির্মাণ কাজের টেন্ডার আহবান করা এবং অবশিষ্ট জেলার অফিস ভবন ও অনান্য স্থাপনার নির্মাণ কাজের ড্রয়িং, ডিজাইন, এবং প্রাক্কলন প্রস্তুতের কাজ শেষ হয়েছে। এ মাসের মধ্যেই টেন্ডার আহবান করা হবে।
পরবর্তী চ্যালেঞ্জ	▪ নতুন মেয়াদে প্রকল্পের অবশিষ্ট কার্যক্রম যেমন প্রশাসনিক ভবন, মেইন গেইট, রাস্তা ও অন্যান্য পূর্তকাজ যথাযথ মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়ন করা।
মন্তব্য	প্রকল্পের অবশিষ্ট কার্যক্রম যেমন প্রশাসনিক ভবন, মেইন গেইট, রাস্তা ও অন্যান্য পূর্তকাজ যথাযথ মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়ন করা সম্ভব হবে।

১০. প্রকল্পের নাম: বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাঁও

প্রকল্পের সার্বিক তথ্য	▪ প্রতিশ্রুতি প্রদানের তারিখ: ২৯-০৩-২০১৮ ▪ প্রকল্পের বাস্তবায়নকাল: জুলাই ২০২১-জুন ২০২৪ ▪ প্রকল্প এলাকা : আকচা, সদর, ঠাকুরগাঁও ▪ জমির পরিমাণ: ৫০.০০ একর ▪ প্রকল্প ব্যয় : ৯৮৬১.০০ লক্ষ টাকা ▪ শুরু থেকে মোট ব্যয়: ৪৭৪৫.৫৮ লক্ষ টাকা ▪ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির হার : ৪৮.১২ % ▪ ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতির হার : প্রকল্পের ভূমি অধিগ্রহণ কার্যক্রম সমাপ্ত না হওয়ায় ভৌত অগ্রগতি নেই।	
প্রকল্পের গত (২০২২-২০২৩) অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ আরএডিপি বরাদ্দ : ২০০০.০০ লক্ষ টাকা ▪ অবমুক্ত অর্থ : ১৭০০.০০ লক্ষ টাকা ▪ মোট ব্যয় : ৩৭.০০ লক্ষ টাকা ▪ আর্থিক অগ্রগতি: ১.৮৫ %	**মন্তব্য:** প্রকল্পের ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন না হওয়ায় উক্ত খাতে অর্থ ব্যয় করা সম্ভব হয়নি।
প্রকল্পের চলতি (২০২৩-২০২৪) অর্থবছরের আর্থিক অগ্রগতি	▪ এডিপি বরাদ্দ : ২০০০.০০ লক্ষ টাকা ▪ অবমুক্ত অর্থ : ০০.০০ লক্ষ টাকা ▪ মোট ব্যয় : ০০.০০ লক্ষ টাকা ▪ আর্থিক অগ্রগতি: ০% ▪ প্রকল্পের ১ম কিস্তির অর্থছাড় প্রস্তাব শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	
অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ)	▪ নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানি পিএলসি, ঠাকুরগাঁও হতে প্রকল্পের বিদ্যুৎ সংযোগের সম্মতিসহ ব্যয় প্রাক্কলন সংগ্রহ করা হয়েছে। ▪ ডিপ টিউব ওয়েল স্থাপনের লক্ষ্যে ব্যয় প্রাক্কলনসহ অনুমোদনের জন্য ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া বরাবর পত্র প্রেরণ করা হলে গত ১২ মার্চ ২০২৩ তারিখ সরেজমিন প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। ▪ প্রকল্পের অফিস ভাড়া, গাড়ি ভাড়া, আউট সোর্সিং ফার্ম নিয়োগ, অফিস সরঞ্জাম, বৈদ্যুতিক সরঞ্জাম, কম্পিউটার ও আসবাবপত্র ক্রয় সম্পন্ন হয়েছে। ▪ কনসালটেন্ট ফার্ম নিয়োগ প্রদান করা হয়েছে।	
প্রকল্পের সর্বশেষ অবস্থা	ভূমি মন্ত্রণালয় হতে ০৯-০৭-২০২৩ তারিখ জমি অধিগ্রহণের চুড়ান্ত অনুমোদন পাওয়া গিয়েছে। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও কর্তৃক ৭ ধারা জারির পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন।	
পরবর্তী চ্যালেঞ্জ	▪ প্রকল্পের জমি অধিগ্রহণ কার্যক্রম স্বল্পতম সময়ের মধ্যে সম্পন্ন করা। ▪ অনুমোদিত ডিপিপিতে PWD Schedules of Rates 2018 অনুযায়ী পূর্তকাজসমূহের সংস্থান ছিল। বর্তমানে PWD Schedules of Rates 2022 (সংশোধিত) কার্যকর হওয়ায় পরিবর্তিত PWD Schedules of Rates 2022 (সংশোধিত) অনুযায়ী স্বল্পতম সময়ে ডিপিপি সংশোধনপূর্বক অনুমোদনের ব্যবস্থা করতে হবে।	
মন্তব্য	প্রকল্পের জমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করা ও PWD Schedules of Rates 2022 (সংশোধিত) অনুযায়ী ডিপিপি সংশোধনের নিমিত্ত কার্যক্রম চলমার রয়েছে।	